

ঢাবি'র আইবিএ'র গ্র্যাজুয়েশন অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)'র বিবিএ ১৯ তম, এমবিএ ৪৮তম, ৪৯তম এবং ইএমবিএ ১৬তম, ১৭তম ব্যাচগুলোর গ্র্যাজুয়েশন গত শনিবার ঢাকায় বসুন্ধরা কনভেনশন হলে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ. আ. ম. স. আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি ও গ্র্যাজুয়েশন স্পিকার ছিলেন স্যামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ আহমেদ খান। সভাপতিত্ব করেন আইবিএ'র পরিচালক অধ্যাপক ড. এ. কে. এম. সাইফুল মজিদ।

অধ্যাপক মজিদ স্নাতকদের প্রতিনিয়ত জ্ঞান, অর্জন এবং পেশাদারি উৎকর্ষ লাভের জন্য আহ্বান জানান। অনুষ্ঠানে আইবিএ'র এমবিএ চেয়ারপার্সন ড. মো. জাহাঙ্গীর আলম স্বাগত বক্তব্য রাখেন। স্নাতকদের সাফল্যের জন্য অভিনন্দন-জানান আইবিএ'র ইএমবিএ চেয়ারপার্সন অধ্যাপক ড. খায়ের জাহান নোগরা। ধন্যবাদ জ্ঞাপন করেন আইবিএ'র বিবিএ চেয়ারপার্সন অধ্যাপক নিয়াজ আহমেদ। অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, আইবিএ'র শিক্ষকমণ্ডলী, বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং বিশিষ্টজনরা উপস্থিত ছিলেন। — প্রেস বিজ্ঞপ্তি